গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## মে/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১২/০৫/২০২২, সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান হাবিব, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩। |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় এপ্রিল/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** এপ্রিল/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):**

**(ক) উপজেলা উন্নয়ন (রাজস্ব উদ্বৃত্ত) তহবিল সংক্রান্ত আলোচনা:** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় বলেন যে, উপজেলা উন্নয়ন (রাজস্ব উদ্বৃত্ত) তহবিলে প্রায় ৫,৭৭,০৬,৩৩৩.২০ (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছয় হাজার তিনশত তেত্রিশ টাকা বিশ পয়সা) টাকা জমা রয়েছে। তাছাড়া প্রতি অর্থবছর শেষে অর্থাৎ ৩০ জুন এর পর উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত টাকা উপজেলা উন্নয়ন তহবিলে জমা হয়। এইভাবে বহু বছর ধরে উন্নয়ন তহবিলে টাকা অলস পড়ে আছে। তিনি ২০২২-২০২৩ অর্থবছরের জন্য উন্নয়ন তহবিল হতে প্রথম পর্যায়ে ৩ কোটি টাকার প্রকল্প গ্রহণের বিষয়টি সভায় উত্থাপন করেন।

সিদ্ধান্ত: এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের জন্য প্রথম পর্যায়ে উপজেলা উন্নয়ন তহবিল হতে ৩ কোটি টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সকল ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রকল্প গ্রহণ করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) এডিপির প্রকল্প পরিবর্তন সংক্রান্ত আলোচনা:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মোগলা বাজার, লালাবাজার ও কামাল বাজার ইউনিয়নের চেয়ারম্যানগণ উপজেলা চেয়ারম্যান বরাবরে লিখিতভাবে আবেদন দিয়ে জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে গৃহীত প্রকল্প সাইটে বন্যার পানি থাকার কারণে প্রকল্প পরিবর্তন করা একান্ত প্রয়োজন। সংশোধিত প্রকল্পসমূহ নিম্নরূপ:

| পূর্বের প্রকল্পের নাম | সংশোধিত প্রকল্পের নাম |
|---|---|
| মোগলাবাজার ইউনিয়নের দক্ষিণ নৈখাই গ্রামের হাফিজ কবীর আহমদ গংদের বাড়ির রাস্তায় উভয় পাশে গার্ডওয়াল। (বরাদ্দ ১ লক্ষ) | মোগলাবাজার ইউনিয়নের দক্ষিণ নৈখাই গ্রামের হাফিজ কবীর আহমদ গংদের রাস্তা সিসি ঢালাই। (বরাদ্দ ১ লক্ষ) |
| মোগলাবাজার ইউনিয়নের মুক্তিরচর গ্রামের আব্দুল মালিকের বাড়ীর সামন হতে দক্ষিণমুখি মসজিদ পর্যন্ত ড্রেন নির্মাণ। (বরাদ্দ ২ লক্ষ) | মোগলাবাজার ইউনিয়নের রায়বান গ্রামের পাকা রাস্তার সামন হতে রায়বান উত্তরপাড়া নেছার আহমদ গং এর বাড়ী পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই। (বরাদ্দ ২ লক্ষ) |
| মোগলাবাজার ইউনিয়নের রমজানপুর গ্রামের মেইন রোড হতে আবুল মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই ও গাইডওয়াল। (বরাদ্দ ১.৫ লক্ষ) | মোগলাবাজার ইউনিয়নের রমজানপুর গ্রামের মেইন রোড হতে আবুল মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। (বরাদ্দ ১.৫ লক্ষ) |

| | |
|---|---|
| মোগলাবাজার ইউনিয়নের কান্দিয়ারচর রায়খাল ব্রিজের উত্তর সাইডের গার্ডওয়াল নির্মাণ (বরাদ্দ ২ লক্ষ) | মোগলাবাজার ইউনিয়নের উত্তর কান্দিয়ারচর জামে মসজিদের সামন হতে উত্তরমূখি রাস্তা ইটসলিং (বরাদ্দ ২ লক্ষ) |
| কামাল বাজার ইউনিয়নের ওয়ার্ড নং-০৮ ভটেরগাঁও এর পূর্বে কবরস্থানের পাশের মেইন রোড সিসি ঢালাই। (বরাদ্দ ০১ লক্ষ) | কামাল বাজার ইউনিয়নের ০৯ নম্বর ওয়ার্ডের মুন্সিরগাঁও মেইন রাস্তা হতে সিদ্দেক আলীর বাড়ির সম্মুখের রাস্তা সিসি ঢালাই। (বরাদ্দ ১ লক্ষ) |
| লালাবাজার ইউনিয়নের খালোপাড় চৌধুরী বাড়ীর ঢালাই রাস্তা হতে খালোপার নতুন মসজিদের সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই (বরাদ্দ ২ লক্ষ) | লালাবাজার ইউনিয়নের পশ্চিমভাগ ঠাকুর মিয়ার বাড়ীর মুখ হতে ঈদগাহবাজার টু খালোপার রাস্তার মূখ পর্যন্ত সিসি ঢালাই (বরাদ্দ ২ লক্ষ) |

সিদ্ধান্ত: এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশোধিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

(গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে গৃহীত প্রকল্পসমূহের ইতোমধ্যে প্রাক্কলন করা হয়েছে। কিন্তু প্রাক্কলনসমূহে প্রকল্পের নেইম ফলক বাবদ কোন অর্থ ধরা হয়নি। তিনি সভায় নেইম ফলক বাবদ ব্যয় প্রাক্কলনের অন্তর্ভূক্ত করার জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক উত্থাপিত ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে গৃহীত প্রকল্পসমূহের প্রাক্কলনে নেইম ফলক বাবদ ব্যয় অন্তর্ভূক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতের সাশ্রয়কৃত ২৮,০০০/- টাকা দ্বারা বৈরাগীবাজার ও চৌধুরী বাজারের ড্রেইন ও সৌচাগার পরিস্কার করার জন্য প্রস্তাব উত্থাপন করেন।

সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক উত্থাপিত ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতের সাশ্রয়কৃত ২৮,০০০/- টাকা দ্বারা বৈরাগীবাজার ও চৌধুরী বাজারের ড্রেইন ও সৌচাগার পরিস্কার পরিচ্ছন্নতা কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

(ঙ) উপজেলা প্রকৌশলী বিগত ২৫/০৪/২০২২ তারিখের উপজেলা পরিষদের সভায় উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নিম্নবর্ণিত উন্নয়নমূলক প্রকল্পটি মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩ ও উপজেলা চেয়ারম্যান এবং ইউপি চেয়ারম্যানগণের সাথে পরামর্শক্রমে নিম্নোক্তভাবে সংশোধন করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।

| পূর্বের প্রকল্পের নাম | সংশোধিত প্রকল্পের নাম |
|---|---|
| উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণ (বরাদ্দ ১০ লক্ষ টাকা) | (ক) প্রগতি উচ্চ বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ (বরাদ্দ ৫ লক্ষ টাকা)<br>(খ) লালাবাজার উচ্চ বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ (বরাদ্দ ৫ লক্ষ টাকা) |

সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক উত্থাপিত উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) খাতে উপরোক্ত ১০ লক্ষ টাকার সংশোধিত প্রকল্প সভায় সর্বসম্মত অনুমোদিত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৫। পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

**০৬। কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৭। প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৮। মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৯। শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**১০। মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**১১। সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

**১২। সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

**১৩। মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

**১৪। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) উপজেলা পরিষদের গাড়ি চালক নিয়োগ সংক্রান্ত :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখা ২৭ অক্টোবর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১১.০১০.১৬-৮৫০ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত গাড়ি চালক পদে জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্রের ভিত্তিতে দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের রাজস্ব খাতে সৃজিত গাড়ি চালক পদে নিয়োগ কার্যক্রম ২৩/০৪/২০১৭ তারিখ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শুরু করা হয়। নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ১৮/০৫/২০১৭ তারিখে সুপারিশ সম্বলিত প্রার্থীর তালিকা ১৪/০২/২০১৯ তারিখের উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হলে উক্ত সুপারিশকৃতগণকে নিয়োগ প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত নিয়োগ নিয়ে অভিযোগ উত্থাপিত হওয়ায় অদ্যাবধি পরিষদের গাড়ি চালক পদে লোক নিয়োগ করা সম্ভব হয়নি। তিনি সভায় বিগত ১৮/০৫/২০১৭ তারিখে উপজেলা পরিষদের গাড়ি চালক নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশটি বাতিল ক্রমে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাব উত্থাপন করেন। উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: বিগত ১৮/০৫/২০১৭ তারিখে উপজেলা পরিষদরে গাড়ি চালক নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশটি বাতিল ক্রমে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাবটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য সিনিয়র সচিব স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন আমাদের নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় খুবই অভিজ্ঞ। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অন্তত দুই বছর এই উপজেলায় তাঁর দক্ষতা ও অভিজ্ঞতা দিয়ে উপজেলার উন্নয়ন আরও বেগবান করবেন এই আশা সভাপতি মহোদয় ব্যক্ত করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি এডিপির কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আবারও অনুরোধ করেন। তিনি নিজ নিজ দায়িত্ব আন্তরিকতার সাথে পালন করার জন্য সকলকে পরামর্শ দেন। সভাপতি মহোদয় বলেন উপজেলা পরিষদ তার নিজস্ব আইন অনুযায়ী পরিচালিত হবে। জনপ্রতিনিধি হিসেবে জনগণের সকল সমস্যা সমাধানের জন্য তিনি উপস্থিত জনপ্রতিনিধিগণকে অনুরোধ করেন। কোভিড এর বরাদ্দ দিয়ে ক্রয়কৃত সাবান শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও বিতরণের জন্য তিনি পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৫/২০২২

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২.৫১৩(৩০) তারিখঃ ১২ মে, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ............................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................... সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নুসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
| --- | --- |
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |

# “ দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি ”

**মাস ঃ মে, ২০২২ সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা তারিখ ঃ ১২/০৫/২০২২।**

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৩ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | Mahbub 12.5.22 |
| ০৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | |
| ০৫ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৭ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৮ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৯ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১০ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১১ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| | | |
| | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 12.05.22 |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 12/05/22 |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] 12.05.2022 |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | [illegible] |
| ১৭ | [illegible] | [illegible] |
| | | |